| আমরা স্বাবলম্বী হবো<br>সকলে কর দেবো |
|---|

| আমরা বদলে যাবো<br>আমরা বদলে দেবো |
|---|

# গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
# কর কমিশনারের কার্যালয়
# উৎসে কর ব্যবস্থাপনা ইউনিট

## আয়কর আইন, ২০২৩ অনুযায়ী
## উৎসে আয়কর কর্তন/সংগ্রহের সংক্ষিপ্ত নির্দেশিকা

(০১ জুলাই, ২০২৫ হতে প্রযোজ্য)

উৎসে কর ব্যবস্থাপনা ইউনিট
আঞ্জুমান জে আর টাওয়ার (১২ তলা)
৪২, আঞ্জুমান মুফিদুল ইসলাম রোড, কাকরাইল, ঢাকা
টেলিফোন: ০২৪১০৩১০১২ (সরাসরি), ০২৪১০৩১০২৬ (পি.এ)
Email: wtmu@nbr.gov.bd
www.wtmu.gov.bd

# উৎসে কর কর্তন/আদায়ের খাত ও বিদ্যমান হার

(০১ জুলাই, ২০২৫ হতে প্রযোজ্য)

| ক্রমিক নং | উৎসের নাম | ধারা | উপ-খাত/কর্তনকারী কর্তৃপক্ষ | উৎসে কর কর্তনের/সংগ্রহের হার |
|---|---|---|---|---|
| ১। | চাকরির আয় | ধারা-৮৬ | বেতন প্রদানকারী | গড় হার |
| ২। | সংসদ সদস্যদের সম্মানী | ধারা-৮৭ | সংসদ সচিবালয় | গড় হার |
| ৩। | শ্রমিক অংশগ্রহণ তহবিল, কল্যাণ তহবিল, ইত্যাদি হতে প্রদত্ত অর্থ | ধারা-৮৮ | তহবিল পরিচালনাকারী | ১০% |
| ৪। | (১) ঠিকাদার, সরবরাহকারী, ইত্যাদিকে প্রদত্ত অর্থ | ধারা-৮৯<br>বিধি-৩ | | |

| ক্রমিক | বর্ণনা | হার |
|---|---|---|
| ১। | এমএস বিলেট উৎপাদনে নিয়োজিত শিল্প প্রতিষ্ঠানের ক্ষেত্রে এবং স্থানীয়ভাবে ক্রয়কৃত এম এস স্ক্র্যাপের ক্ষেত্রে | ০.৫% |
| ২। | পেট্রোলিয়াম তেল এবং লুব্রিকেন্ট বিপণনে নিযুক্ত তেল বিপণন কোম্পানি কর্তৃক তেল সরবরাহের ক্ষেত্রে | ০.৬% |
| ৩। | পেট্রোলিয়াম তেল বিপণন কোম্পানির ডিলার বা এজেন্ট কর্তৃক তেল সরবরাহের ক্ষেত্রে | ১% |
| ৪। | ধান, ধানের কুড়া, চাল, গম, আলু, গবাদি পশু, মাছ, মাংস, পিঁয়াজ, রসুন, মটর, ছোলা, মসুর, আদা, হলুদ, শুকনা মরিচ, ডাল, ভূট্টা, আটা, ময়দা, লবণ, ভোজ্যতেল, চিনি, বীজ, পাটকাঠি, সরিষা, তিল, কাঁচা চা-পাতা, গোলমরিচ, এলাচ, দারুচিনি, লবঙ্গ, খেজুর, তেজপাতা এবং পাট সরবরাহের ক্ষেত্রে | ০.৫% |
| ৫। | তুলা এবং সুতা সরবরাহের ক্ষেত্রে | ১% |
| ৬। | সব ধরনের ফল সরবরাহের ক্ষেত্রে | ২% |
| ৭। | শতভাগ রপ্তানিমুখী গার্মেন্টস শিল্প কর্তৃক প্রদত্ত সাব কন্ট্রাক্ট এর ক্ষেত্রে | ১% |
| ৮। | এমএস বিলেট ব্যতীত সিমেন্ট, লৌহ বা লৌহ পণ্য, ফেরো অ্যালয় পণ্য উৎপাদনে নিয়োজিত শিল্প প্রতিষ্ঠানের ক্ষেত্রে | ২% |
| ৯। | তেল শোধন (oil refinery) কার্যক্রমে নিযুক্ত কোন কোম্পানি কর্তৃক তেল সরবরাহের ক্ষেত্রে | ১.৫% |
| ১০। | গ্যাস ট্রান্সমিশনে নিয়োজিত কোম্পানির ক্ষেত্রে | ৩% |
| ১১। | গ্যাস বিতরণে নিয়োজিত কোম্পানির ক্ষেত্রে | ০.৬% |
| ১২। | স্থানীয় পর্যায়ে নিজস্ব Vertical Continuous Vulcanization Line রহিয়াছে এইরূপ কোন কোম্পানি কর্তৃক তৈয়ারকৃত ৩৩ কেভি হতে ৫০০ কেভি Extra High Voltage Power Cable সরবরাহের ক্ষেত্রে | ৩% |
| ১৩। | সরকার, সরকারের কোন কর্তৃপক্ষ, কর্পোরেশন বা সরকারের সংস্থা এবং এর | ৩% |

| | | | | |
|---|---|---|---|---|
| | | সকল সংযুক্ত ও অধীনস্থ অফিস ব্যতীত অন্য কোন ব্যক্তিকে বই সরবরাহের ক্ষেত্রে | | |
| | ১৪। | রিসাইকেল্ড সিসা সরবরাহের ক্ষেত্রে | | ৩% |
| | ১৫। | শিল্পোৎপাদনে ব্যবহৃত কাঁচামাল সরবরাহের ক্ষেত্রে | | ৩% |
| | ১৬। | রিসাইক্লিং শিল্পে ব্যবহৃত কাঁচামাল সরবরাহের ক্ষেত্রে | | ১.৫% |
| | ১৭। | ম্যানুফ্যাকচারিং, প্রসেস বা কনভারশন, পূর্ত কাজ, নির্মাণ, প্রকৌশল বা সমজাতীয় অন্য কোন কাজের ক্ষেত্রে | | ৫% |
| | ১৮। | সিগারেট, বিড়ি, জর্দা ও গুল শিল্পে তামাকজাত কাঁচামাল সরবরাহের ক্ষেত্রে | | ১০% |
| | ১৯। | (ক) সারণির ক্রমিক নং ১ হইতে ১৮ তে বর্ণিত হয় নাই এমন সকল পণ্য সরবরাহের ক্ষেত্রে, এবং<br>(খ) ধারা ৮৯ এ উল্লিখিত অন্যান্য সকল ক্ষেত্রে- | | ৫% |

***তবে শর্ত থাকে যে, পেট্রোল পাম্প বা সিএনজি স্টেশন কর্তৃক তেল বা গ্যাস সরবরাহের ক্ষেত্রে উৎসে কর কর্তন প্রযোজ্য হইবে না।

(২) যেই ক্ষেত্রে কোন আমদানিকৃত পণ্যের বিপরীতে ধারা ১২০ এর অধীন কর পরিশোধিত হইয়াছে এবং উক্ত আমদানিকৃত পণ্য সরবরাহ করা হয়, সেই ক্ষেত্রে উৎসে করের পরিমাণ (খ-ক) নিয়মে নির্ধারিত হইবে, যেখানে-

ক= ধারা ১২০ এর অধীন আমদানিকৃত পণ্যের উপর পরিশোধিত কর;

খ= ধারা ১২০ এর অধীন আমদানিকৃত পণ্যের উপর কোন উৎসে কর পরিশোধিত না থাকিলে ধারা ৮৯ এর অধীনে যেই পরিমাণ কর কর্তন করা হইত।

(৩) যেই ক্ষেত্রে ধারা ৯৪ এর অধীন উৎসে কর পরিশোধিত কোন পণ্য সরবরাহ করা হয়, সেই ক্ষেত্রে উৎসে করের পরিমাণ (খ-ক) নিয়মে নির্ধারিত হইবে, যেখানে-

ক= ধারা ৯৪ এর অধীন পরিশোধিত কর;

খ= ধারা ৯৪ এর অধীন পণ্যের উপর কোন উৎসে কর পরিশোধিত না থাকিলে ধারা ৮৯ এর অধীন যেই পরিমাণ কর কর্তন করা হইত:

তবে শর্ত থাকে যে, ধারা ৯৪ তে বর্ণিত চুক্তি মোতাবেক কোন ডিস্ট্রিবিউটর অথবা অন্য কোন ব্যক্তি কর্তৃক পণ্য সরবরাহের ক্ষেত্রে এই উপ-বিধিতে বর্ণিত “খ” নিম্নরূপে পরিগণিত হইবে-

খ= {ধারা ৯৪ এর অধীন কোন ডিস্ট্রিবিউটর বা অন্য কোন ব্যক্তির নিকট কোম্পানির পণ্যের বিক্রয়মূল্য} ×৫% ×১০%।

(৪) যেই ক্ষেত্রে কোন আয়বর্ষে এই বিধির অধীন উৎসে কর কর্তনযোগ্য প্রাপক বা প্রাপকের আয় করমুক্ত বা হ্রাসকৃত হারে করারোপযোগ্য, সেই ক্ষেত্রে উক্ত প্রাপকের আবেদনের ভিত্তিতে বোর্ড যাচাই সাপেক্ষে, ক্ষেত্রমত, এই মর্মে সনদ প্রদান কনিবে যে উক্ত ব্যক্তিকে প্রদেয় কোন অর্থ যাহা হইতে এই বিধির অধীন কর কর্তন করিতে হইবে উহা কর কর্তন ব্যতিরেকে বা হ্রাসকৃত হারে কর্তনযোগ্য।

**সারণী**

| ৫। | ক্রমিক নং | সেবার বিবরণ এবং পরিশোধের পরিমাণ | | | হার |
|---|---|---|---|---|---|
| | ১। | উপদেষ্টা বা পরামর্শক | ধারা-৯০ বিধি-৪ (নিবাসীর আয় হইতে কর কর্তন বা সংগ্রহ) | স্বাভাবিক ব্যক্তির ক্ষেত্রে | ১৫% |
| | | | | স্বাভাবিক ব্যক্তি ব্যতীত অন্যান্য ব্যক্তির ক্ষেত্রে | ৭.৫% |
| | ২। | পেশাদার সেবা (professional service) | | স্বাভাবিক ব্যক্তির ক্ষেত্রে | ১৫% |
| | | | | স্বাভাবিক ব্যক্তি ব্যতীত অন্যান্য ব্যক্তির ক্ষেত্রে | ৭.৫% |

| | | | | | |
|---|---|---|---|---|---|
| | ৩। | কারিগরি সেবা ফি (technical services fee), বা করিগরি সহায়তা ফি (technical know-how or technical assistance fee) | | | ১০% |
| | ৪। | ক) ক্যাটারিং<br>খ) ক্লিনিং<br>গ) সংগ্রহ এবং পুনুরুদ্ধার এজেন্সি<br>ঘ) ব্যক্তিগত নিরাপত্তা<br>ঙ) জনবল সরবরাহ<br>চ) ক্রিয়েটিভ মিডিয়া<br>ছ) জনসংযোগ<br>জ) ইভেন্ট পরিচালনা<br>ঝ) প্রশিক্ষণ, কর্মশালা ইত্যাদি পরিচালনা<br>ঞ) কুরিয়ার সার্ভিস<br>ট) প্যাকিং এবং শিফটিং<br>ঠ) একই প্রকৃতির অন্যান্য সেবা | | ১) কমিশন বা ফি এর উপরে | ১০% |
| | | | | ২) মোট বিল এর উপরে | ২% |
| | ৫। | প্রিন্ট ও ইলেকট্রনিক মিডিয়া এজেন্সি সেবা | | ১) কমিশন বা ফি এর উপরে | ১০% |
| | | | | ২) মোট বিল এর উপরে | ০.৬৫% |
| | ৬। | ইন্ডেন্টিং কমিশন | | | ৭.৫% |
| | ৭। | মিটিং ফি, ট্রেনিং ফি বা সম্মানী | | | ১০% |
| | ৮। | মোবাইল নেটওয়ার্ক অপারেটর | | | ১২% |
| | ৯। | ক্রেডিট রেটিং এজেন্সি | | | ১০% |
| | ১০। | মোটর গ্যারেজ বা ওয়ার্কশপ | | | ৮% |
| | ১১। | ব্যক্তিগত কন্টেইনার পোর্ট বা ডকইয়ার্ড | | | ৮% |
| | ১২। | শিপিং এজেন্সি কমিশন | | | ৮% |
| | ১৩। | স্টিভডোরিং/বার্থ অপারেটর/টার্মিনাল অপারেটর/শিপ হ্যান্ডলিং অপারেটর | | ১) কমিশন বা ফি এর উপরে | ১০% |
| | | | | ২) মোট বিল এর উপরে | ৫% |
| | ১৪। | ১) পরিবহন সেবা, গাড়ি ভাড়া, ক্যারিয়িং সেবা এবং মেরামত ও রক্ষনাবেক্ষণ সেবা<br>২) রাইড শেয়ারিং সেবা, ওয়ার্কিং স্পেস সরবরাহ সেবা, আবাসন সরবরাহ সেবাসহ যেকোনো প্রকার শেয়ারিং ইকনোমিক প্লাটফর্ম | | | ৫% |
| | ১৫। | বিদ্যুৎ সঞ্চালনায় নিমিত্ত হুইলিং চার্জ | | | ৩% |
| | ১৬। | ইন্টারনেট সেবা | | | ৫% |
| | ১৭। | মোবাইল ফাইন্যান্সিয়াল সেবা প্রদানকারী প্রতিষ্ঠানের এজেন্ট, ডিস্ট্রিবিউটর, এজেন্সি বা চ্যানেল পার্টনার, যে নামেই অভিহিত হউক না কেন | | | ১০% |
| | ১৮। | ফ্রেইট ফরওয়ার্ড বাবদ পরিশোধিত কমিশনসহ বা কমিশন ব্যতিরেকে গ্রস বিলের উপর | | | ১.৫% |
| | ১৯। | ক্রমিক নং ১ হইতে ১৮ বর্ণিত হয় নাই এইরূপ অন্য কোনো সেবা যাহা আইনের অন্য কোনো ধারার অধীন কর কর্তনযোগ্য নহে | | | ১০% |

তবে শর্ত থাকে যে,

(ক) সারণীর ক্রমিক নং ১ হইতে ১৮ এ বর্ণিত ক্ষেত্র ব্যতীত অন্য কোনো সেবা যদি কোনো ব্যাংক, ইন্স্যুরেন্স, আর্থিক প্রতিষ্ঠান বা মোবাইল ফাইন্যান্সিয়াল সেবা প্রদানকারী কোনো প্রতিষ্ঠান কর্তৃক প্রদত্ত হয় উহার উপর এই বিধির অধীন কর কর্তন প্রযোজ্য হইবে না;

(খ) যদি সারণীর ক্রমিক নং ৪, ৫ ও ১৩ তে বর্ণিত উভয় ক্ষেত্রেই কমিশন বা ফি এবং মোট বিল প্রদর্শিত হয়, সেইক্ষেত্রে 'ক' ও 'খ' এর মধ্যে যাহা অধিক তাহা কর হিসাবে পরিশোধ করিতে হইবে, যখন:
'ক' অর্থ কমিশন বা ফি এর উপর সারণীতে প্রদত্ত সংশ্লিষ্ট হার প্রয়োগ করিয়া পরিগণিত কর;
'খ' অর্থ মোট বিল এর উপর সারণীতে প্রদত্ত সংশ্লিষ্ট হার প্রয়োগ করিয়া পরিগণিত কর;

| ক্রমিক | উৎসের নাম | ধারা | উপ-খাত/কর্তনকারী কর্তৃপক্ষ | কর্তনের হার |
|---|---|---|---|---|
| ৬। | স্পর্শাতীত সম্পত্তির জন্য পরিশোধ | ধারা-৯১ | | ১০% |
| ৭। | প্রচার মাধ্যমের বিজ্ঞাপন আয় | ধারা-৯২ | | ৫% |
| ৮। | অভিনেতা, অভিনেত্রী, প্রযোজক, ইত্যাদি ব্যক্তিকে পরিশোধ | ধারা-৯৩ | | ১০% |
| ৯। | কমিশন, বাট্টা, ফি, প্রণোদনা | ধারা-৯৪(১) | কোম্পানি ও ফার্ম | ১০% |
| | পণ্য বিপণন বাবদ পরিশোধিত অর্থ | ধারা-৯৪(২) | কোম্পানি ও ফার্ম | ১.৫% |
| | পরিবেশক বা অন্য কোন ব্যক্তির নিকট খুচরা মূল্য অপেক্ষা কম মূল্যে বিক্রয় করলে বিক্রয় মূল্যের উপর | ধারা-৯৪(৩) | তেল বিপণন কোম্পানি ব্যতীত অন্য কোম্পানি ও ফার্ম | বিক্রয়মূল্য X ৫% X ৫% |
| | সিগারেট বিক্রয়ের ক্ষেত্রে পরিবেশক বা অন্য কোন ব্যক্তির নিকট খুচরা মূল্য অপেক্ষা কম মূল্যে বিক্রয় করলে পার্থক্যের উপর | ধারা-৯৪(৩) | সিগারেট প্রস্তুতকারক কোম্পানি | ৩% |
| ১০। | ট্রাভেল এজেন্টে-যাত্রী টিকেট বিক্রয় মূল্যের উপর | ধারা-৯৫(১) | এয়ারলাইনস | ০.৩% |
| | অতিরিক্ত প্রাপ্ত অর্থের উপর | ধারা-৯৫(২) | এয়ারলাইনস | |
| ১১। | ঋণপত্রের কমিশন হিসাবে প্রাপ্ত অর্থ | ধারা-৯৬ | ব্যাংক ও ফাইন্যান্স কোম্পানি | ৫% |
| ১২। | স্থানীয় ঋণপত্রের বিপরীতে পরিশোধিত অর্থ | ধারা-৯৭(১) | ব্যবসা বা প্রক্রিয়া বা রূপান্তরের পরে পুন:বিক্রি করিবার উদ্দেশ্যে ঋণ | ৩% |
| | | ধারা-৯৭(২) | পরিবেশককে পরিশোধিত অর্থের উপর | ১.৫% |
| | | ধারা-৯৭(৩) | কম্পিউটার যন্ত্রাংশ ক্রয় | ২% |
| | | ধারা-৯৭(৪) | তুলা এবং সুতা ক্রয় | ১% |
| | | ধারা-৯৭(৫) | ধান, চাল, গমসহ কতিপয় মসলা ও খাদ্যদ্রব্য ক্রয় | ০.৫% |
| ১৩। | সেলুলার মোবাইল ফোন অপারেটর, টাওয়ার শেয়ারিং কোম্পানী, ইত্যাদি কর্তৃক পরিশোধিত অর্থের উপর কর কর্তন | ধারা-৯৮ | কোম্পানির প্রধান নির্বাহী | ২০% |
| ১৪। | জীবন বিমা পলিসির প্রিমিয়ামের অতিরিক্ত কোন পরিশোধ | ধারা-৯৯ | বিমা কোম্পানি | ৫% |
| ১৫। | বিমার কমিশনের অর্থ | ধারা-১০০ | বিমা কোম্পানি | ৫% |
| ১৬। | সাধারণ বিমা কোম্পানি জরিপকারীদের ফি, ইত্যাদি | ধারা-১০১ | সংশ্লিষ্ট কোম্পানি | ১৫% |
| ১৭। | সঞ্চয়ী ও স্থায়ী আমানত, ডিপিএস, ইত্যাদির সুদ বা মুনাফা | ধারা-১০২ | ট্রাস্ট, ব্যক্তিসংঘ ও কোম্পানির ক্ষেত্রে | ২০% |
| | | | অন্যান্য ক্ষেত্রে | ১০% |
| ১৮। | নিবাসীর সুদ আয় | ধারা-১০৪ | নির্ধারিত ব্যক্তি | ১০% |
| ১৯। | সঞ্চয়পত্রের মুনাফা | ধারা-১০৫ | সকল ক্ষেত্রে | ১০% |
| ২০। | সিকিউরিটিজের সুদ | ধারা-১০৬ | সিকিউরিটিজ ইস্যুর দায়িত্বপ্রাপ্ত কোন ব্যক্তি | ১০% |
| ২১। | বাংলাদেশ ব্যাংক বিলের প্রকৃত মূল্যের ছাড় | ধারা-১০৭ | অর্থ পরিশোধের জন্য দায়িত্বপ্রাপ্ত ব্যক্তি | সর্বোচ্চ হারে |

| | | | | |
|---|---|---|---|---|
| ২২। | আন্তর্জাতিক ফোন কলের জন্য প্রাপ্ত অর্থ | ধারা-১০৮(১) | আন্তর্জাতিক গেটওয়ে সেবা প্রদানের জন্য ব্যাংকের মাধ্যমে প্রাপ্ত অর্থ | ১.৫% |
| | | ধারা-১০৮(২) | আইজিডাব্লিউ, আইসিএক্স, এএনএস এর বিটিআরসি এর সাথে সম্পাদিত চুক্তির মাধ্যমে প্রাপ্ত অর্থ | ৭.৫% |
| | | ধারা-১০৮(৩) | বহির্গামী আন্তর্জাতিক কলের জন্য প্রাপ্ত অর্থ | ৭.৫% |
| ২৩। | ভাড়া হতে কর কর্তন | ধারা-১০৯ | ভাড়া প্রদানকারী | ১০% |
| ২৪। | কনভেনশন হল, কনফারেন্স সেন্টার, ইত্যাদি হতে সেবা প্রদানের জন্য | ধারা-১১০ | ভাড়া প্রদানকারী | ১০% |
| ২৫। | সম্পত্তি অধিগ্রহেণের ক্ষতিপূরণ | ধারা-১১১ | সিটি করপোরেশন, পৌরসভা ও ক্যান্টনমেন্ট এলাকা | ৬% |
| | | | অন্যান্য এলাকা | ৩% |
| ২৬। | নগদ রপ্তানি ভর্তুকি | ধারা-১১২ | সকল করদাতার ক্ষেত্রে | ১০% |
| ২৭। | বিদ্যুৎ ক্রয়ের বিপরীতে | ধারা-১১৪ | বিল পরিশোধকারী | ৪% |
| ২৮। | ডেভেলপারের নিকট হতে ভূমির মালিক কর্তৃক প্রাপ্ত নগদ অর্থ/সাইনিং মানি | ধারা-১১৫ | ডেভেলপার | ১৫% |
| ২৯। | বিদেশি ক্রেতার এজেন্টকে প্রদত্ত কমিশন বা পারিশ্রমিক | ধারা-১১৬ | ব্যাংক | ৭.৫% |
| ৩০। | লভ্যাংশ | ধারা-১১৭ | কোম্পানি গ্রহীতা হলে | কোম্পানি হার |
| | | | কোম্পানি ব্যতীত হলে | ১০% |
| ৩১। | লটারি, ইত্যাদি হইতে প্রাপ্ত আয় | ধারা-১১৮ | অর্থ পরিশোধকারী | ২০% |
| ৩২। | অনিবাসীদের আয় হইতে কর কর্তন বা সংগ্রহ- | ধারা-১১৯ বিধি-৫ | অর্থ প্রদানকারী | অনধিক ৩০% [বিধি-৫] |

| ক্রমিক নং | সেবার বিবরণ এবং পরিশোধের পরিমাণ (বিধি-৫ অনুসারে) | | | হার |
|---|---|---|---|---|
| ১। | উপদেষ্টা বা পরামর্শক | | স্বাভাবিক ব্যক্তির ক্ষেত্রে | ২০% |
| | | | স্বাভাবিক ব্যক্তি ব্যতীত অন্যান্য ব্যক্তির ক্ষেত্রে | ১০% |
| ২। | প্রি-শিপমেন্ট পরিদর্শন | | | ২০% |
| ৩। | পেশাদার সেবা (professional service) | | স্বাভাবিক ব্যক্তির ক্ষেত্রে | ২০% |
| | | | স্বাভাবিক ব্যক্তি ব্যতীত অন্যান্য ব্যক্তির ক্ষেত্রে | ১০% |
| ৪। | কারিগরি সেবা ফি (technical service fee), বা করিগরি সহায়তা ফি (technical know-how or technical assistance fee) | | | ২০% |
| ৫। | আর্কিটেকচার, ইন্টেরিয়র ডিজাইন বা ল্যান্ডস্কেপ ডিজাইন, ফ্যাশন ডিজাইন বা প্রসেস ডিজাইন | | | ২০% |
| ৬। | সার্টিফিকেশন, রেটিং ইত্যাদি | | | ২০% |
| ৭। | স্যাটেলাইট, এয়ারটাইম বা ফ্রিকোয়েন্সি ব্যবহার বাবদ ভাড়া বা অন্য কোনো ব্যয়/চ্যানেল সম্প্রচার বাবদ ভাড়া | | | ২০% |
| ৮। | আইনি সেবা | | | ২০% |
| ৯। | ইভেন্ট ম্যানেজমেন্টসহ ব্যবস্থাপনা সেবা | | | ২০% |
| ১০। | কমিশন | | | ২০% |

| | | | | | |
|---|---|---|---|---|---|
| | ১১। | রয়্যালটি, লাইসেন্স ফি বা স্পর্শাতীত সম্পত্তির জন্য পরিশোধিত অর্থ | | | ২০% |
| | ১২। | সুদ | | | ২০% |
| | ১৩। | বিজ্ঞাপন সম্প্রচার | | | ২০% |
| | ১৪। | বিজ্ঞাপন নির্মাণ ও ডিজিটাল মার্কেটিং | | | ১৫% |
| | ১৫। | ধারা ২৫৯ এবং ধারা ২৬০ এ উল্লিখিত ক্ষেত্রসমূহ ব্যতীত নৌ পরিবহন বা বিমান পরিবহন | | | ৭.৫% |
| | ১৬। | কন্ট্রাক্টর, সাব-কন্ট্রাক্টর ও সাব-সাব-কন্ট্রাক্টর কর্তৃক ম্যানুফ্যাকচারিং, প্রসেস বা কনভারশন, পূর্ত কাজ, নির্মাণ, প্রকৌশল বা সমজাতীয় অন্য কোনো কাজের ক্ষেত্রে | | | ৭.৫% |
| | ১৭। | পণ্য সরবরাহ | | | ৭.৫% |
| | ১৮। | মূলধনি মুনাফা | | | ১৫% |
| | ১৯। | বীমা প্রিমিয়াম | | | ১০% |
| | ২০। | যন্ত্রপাতি, সরঞ্জাম ইত্যাদি ভাড়া | | | ১৫% |
| | ২১। | লভ্যাংশ | | ১) কোম্পানি, তহবিল বা ট্রাস্ট কর্তৃক গৃহীত হইলে | ২০% |
| | | | | ২) কোম্পানি, তহবিল বা ট্রাস্ট ব্যতীত অন্যান্য ব্যক্তি কর্তৃক গৃহীত হইলে | ৩০% |
| | ২২। | শিল্পী, গায়ক বা খেলোয়াড় কর্তৃক গৃহীত অর্থ | | | ৩০% |
| | ২৩। | বেতন বা পারিশ্রমিক | | | ৩০% |
| | ২৪। | পেট্রোলিয়াম অপারেশনের অনুসন্ধান বা ড্রিলিং | | | ৫.২৫% |
| | ২৫। | কয়লা, তেল বা গ্যাস অনুসন্ধানের জন্য সমীক্ষা | | | ২০% |
| | ২৬। | জেনারেল ইন্স্যুরেন্স কোম্পানির সার্ভেয়ার ফি, ইত্যাদি | | | ৫.২৫% |
| | ২৭। | তেল বা গ্যাসক্ষেত্র এবং এর রপ্তানি পয়েন্টের মধ্যে সংযোগ স্থাপনের জন্য যেকোনো সেবা | | | ৫.২৫% |
| | ২৮। | ব্যান্ডউইথ বাবদ পরিশোধ | | | ১০% |
| | ২৯। | কুরিয়ার সার্ভিস | | | ১৫% |
| | ৩০। | অন্য কোনো পরিশোধ | | | ২০% |
| ৩৩। | আমদানিকারকদের নিকট হইতে | | ধারা-১২০ | কমিশনার, কাষ্টমস | অনধিক ২০% [বিধি-৮] |
| ৩৪। | জনশক্তি রপ্তানি | | ধারা-১২১ | জনশক্তি, কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরো | ১০% |
| ৩৫। | ক্লিয়ারিং ও ফরওয়ার্ডিং এজেন্ট | | ধারা-১২২ | কমিশনার, কাস্টমস | ১০% |
| ৩৬। | রপ্তানি আয় | | ধারা-১২৩ | ব্যাংক | ১% |
| ৩৭। | কোন সেবা, রেভিনিউ শেয়ারিং, ইত্যাদি বাবদ বিদেশ হইতে প্রেরিত আয় | | ধারা-১২৪ | ব্যক্তির হিসাবে পরিশোধ বা জমা প্রদানের জন্য দায়িত্বপ্রাপ্ত ব্যক্তি | ৭.৫% |
| | ফ্রেইট ফরওয়ার্ড এজেন্ট কর্তৃক গৃহীত গ্রস বিল বা কমিশনসহ গ্রস বিল | | ধারা-১২৪ (গ)(১) | | ১.৫% |
| ৩৮। | জমি/সম্পত্তি হস্তান্তরের ক্ষেত্রে | | ধারা-১২৫ | স্বাভাবিক ব্যক্তির ক্ষেত্রে | বিধি-৬ |
| | | | | অন্যান্য ব্যক্তির ক্ষেত্রে | |

| | | | | |
|---|---|---|---|---|
| ৩৯। | ডেভেলপার কর্তৃক প্লট বা ফ্ল্যাট বিক্রয়কালে (বিক্রেতার নিকট হতে) | ধারা-১২৬ | নিবন্ধন কর্মকর্তা | বিধি-৭ |
| ৪০। | সরকারি স্ট্যাম্প, কোর্ট ফি, কার্টিজ পেপার বাবদ পরিশোধিত কমিশন | ধারা-১২৭ | জেলা প্রশাসক | ১০% |
| ৪১। | সম্পত্তির ইজারা (অন্যূন ১০ বছর) | ধারা-১২৮ | ইজারাদাতা | ৪% |
| ৪২। | সিগারেট উৎপাদনকারী | ধারা-১২৯ | সিকিউরিটি প্রিন্টিং প্রেস | ১০% |
| ৪৩। | ইট প্রস্তুতকারী/উৎপাদনকারী | ধারা-১৩০ | জেলা প্রশাসক | |
| | | | ১। ১,০৮,০০০ ঘনফুট আয়তনের অধিক নহে | ৮০,০০০ |
| | | | ২। ১,০৮,০০০-১,২৪,০০০ ঘনফুট | ১,২০,০০০ |
| | | | ৩। ১,২৪,০০০ ঘনফুটের অধিক | ১,৬০,০০০ |
| | | | ৪। অন্যরূপ ইটভাটার ক্ষেত্রে | ২,২০,০০০ |
| ৪৪। | ট্রেড লাইসেন্স প্রদান বা নবায়ন | ধারা-১৩১ | ইউনিয়ন পরিষদ/পৌরসভা/সিটি কর্পোরেশন | |
| | | | ১। ঢাকা ও চট্টগ্রাম সিটি কর্পোরেশন | ৩,০০০ |
| | | | ২। অন্য সিটি কর্পোরেশন | ২,০০০ |
| | | | ৩। জেলাসদর পৌরসভা | ১,০০০ |
| | | | ৪। অন্যান্য পৌরসভা | ৫০০ |
| ৪৫। | কোন নিবাসীর জাহাজ ব্যবসা (প্রেরিত বা আগত মালামালের ভাড়ামূল্যের উপর) | ধারা-১৩২ | সরাসরি চলাচলের ক্ষেত্রে | ৫% |
| | | | ২ বা ততোধিক দেশের মধ্যে চলাচলের ক্ষেত্রে | ৩% |
| ৪৬। | প্রকাশ্য নিলামে বিক্রয় (পণ্য বা সম্পত্তি) | ধারা-১৩৩(১) | নিলামকারী | ১০% |
| | চা নিলাম | ধারা-১৩৩(২) | নিলামকারী | ১% |
| ৪৭। | শেয়ার হস্তান্তর | ধারা-১৩৪ | পার্থক্য/মুনাফার উপর | ১৫% |
| ৪৮। | স্পন্সর, ডিরেক্টর ও প্লেসমেন্ট শেয়ার সিকিউরিটিজ হস্তান্তর | ধারা-১৩৫ | মুনাফার উপর | ১৫% |
| ৪৯। | স্টক এক্সচেঞ্জের শেয়ারহোল্ডারদের শেয়ার হস্তান্তর | ধারা-১৩৬ | লাভ বা মুনাফার উপর | ১৫% |
| ৫০। | স্টক এক্সচেঞ্জের সদস্যদের সিকিউরিটিজের লেনদেন মূল্য পরিশোধকালে | ধারা-১৩৭ | পরিশোধিত মূল্যের উপর | ০.০৩% |
| ৫১। | বাণিজ্যিকভাবে পরিচালিত মোটরযান | ধারা-১৩৮ | মোটরযান নিবন্ধন বা ফিটনেস নবায়নকালে | ধারা ১৩৮ |
| ৫২। | নৌযান পরিচালনা | ধারা-১৩৯ | নৌযান নিবন্ধন বা ফিটনেস নবায়নকালে | ধারা ১৩৯ |

## সংযুক্তি

**বিধি-৬: সম্পত্তি হস্তান্তর হইতে কর সংগ্রহ।—**

(১) ধারা ১২৫ এর অধীন উৎসে কর সংগ্রহের ক্ষেত্রে Registration Act, 1908 এর section 17 এর sub-section (1) এর clauses [(a), (aa), (aaa),] (b), (c) বা (e) এর অধীন দলিল দস্তাবেজ নিবন্ধনের জন্য দায়িত্বপ্রাপ্ত কোন নিবন্ধন কর্মকর্তা কোন দলিল দস্তাবেজ নিবন্ধন করিবেন না, যদি না সম্পত্তি হস্তান্তরকারী নিম্নবর্ণিত সারণিদ্বয়ে নির্ধারিত হারে কর পরিশোধের প্রমাণ হিসাবে পে-অর্ডারের কপি নিবন্ধনের আবেদনের সহিত সংযুক্ত করেন, যথা:-

**সারণি-১**

| ক্রমিক | মৌজা | ক-শেণির করহার | খ-শেণির করহার | গ-শেণির করহার | ঘ-শেণির করহার | ঙ-শেণির করহার | চ-শেণির করহার |
|---|---|---|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) | (৭) | (৮) |
| ১। | ঢাকা জেলার গুলশান, বনানী, মতিঝিল ও তেজগাঁও থানার অন্তর্গত সকল মৌজা | দলিলে উল্লিখিত ভূমির মূল্যের ৫% বা শতক প্রতি ৯,০০,০০০ টাকা যাহা অধিক। | দলিলে উল্লিখিত ভূমির মূল্যের ৫% বা শতক প্রতি ৩,৫০,০০০ টাকা যাহা অধিক। | দলিলে উল্লিখিত ভূমির মূল্যের ৫% বা শতক প্রতি ৯,০০,০০০ টাকা যাহা অধিক। | দলিলে উল্লিখিত ভূমির মূল্যের ৫% বা শতক প্রতি ৩,৫০,০০০ টাকা যাহা অধিক। | দলিলে উল্লিখিত ভূমির মূল্যের ৫% বা শতক প্রতি ৫,০০,০০০ টাকা যাহা অধিক। | দলিলে উল্লিখিত ভূমির মূল্যের ৫% বা শতক প্রতি ৩,০০,০০০ টাকা যাহা অধিক। |
| ২। | ঢাকা জেলার ধানমন্ডি, ওয়ারী, তেজগাঁও শিল্পাঞ্চল থানা, শাহবাগ, রমনা, পল্টন, বংশাল, নিউমার্কেট ও কলাবাগান থানার অন্তর্গত সকল মৌজা | দলিলে উল্লিখিত ভূমির মূল্যের ৫% বা শতক প্রতি ৬,৫০,০০০ টাকা যাহা অধিক। | দলিলে উল্লিখিত ভূমির মূল্যের ৫% বা শতক প্রতি ৩,০০,০০০ টাকা যাহা অধিক। | দলিলে উল্লিখিত ভূমির মূল্যের ৫% বা শতক প্রতি ৬,৫০,০০০ টাকা যাহা অধিক। | দলিলে উল্লিখিত ভূমির মূল্যের ৫% বা শতক প্রতি ৩,০০,০০০ টাকা যাহা অধিক। | দলিলে উল্লিখিত ভূমির মূল্যের ৫% বা শতক প্রতি ৩,০০,০০০ টাকা যাহা অধিক। | দলিলে উল্লিখিত ভূমির মূল্যের ৫% বা শতক প্রতি ২,০০,০০০ টাকা যাহা অধিক। |
| ৩। | ঢাকা জেলার কাফরুল, মোহাম্মদপুর, সূত্রাপুর, যাত্রাবাড়ী, উত্তরা মডেল থানা, ক্যান্টনমেন্ট থানা, চকবাজার থানা, কোতোয়ালি থানা, লালবাগ থানা, খিলগাঁও, শ্যামপুর ও গেন্ডারিয়া থানার অন্তর্গত সকল মৌজা | দলিলে উল্লিখিত ভূমির মূল্যের ৫% বা শতক প্রতি ৪,০০,০০০ টাকা যাহা অধিক। | দলিলে উল্লিখিত ভূমির মূল্যের ৫% বা শতক প্রতি ১,৭৫,০০০ টাকা যাহা অধিক। | দলিলে উল্লিখিত ভূমির মূল্যের ৫% বা শতক প্রতি ৪,০০,০০০ টাকা যাহা অধিক। | দলিলে উল্লিখিত ভূমির মূল্যের ৫% বা শতক প্রতি ১,৭৫,০০০ টাকা যাহা অধিক। | দলিলে উল্লিখিত ভূমির মূল্যের ৫% বা শতক প্রতি ১,৭৫,০০০ টাকা যাহা অধিক। | দলিলে উল্লিখিত ভূমির মূল্যের ৫% বা শতক প্রতি ৮৫,০০০ টাকা যাহা অধিক। |
| ৪। | ঢাকা জেলার খিলক্ষেত, বিমানবন্দর, উত্তরা পশ্চিম, মুগদা, রূপনগর, ভাষানটেক, বাড্ডা থানা, পল্লবী থানা, ভাটারা, শাহজাহানপুর, মিরপুর মডেল থানা, দারুস সালাম থানা, দক্ষিণখান থানা, উত্তরখান থানা, তুরাগ থানা, শাহ আলী থানা, সবুজবাগ থানা, কদমতলী থানা, কামরাঙ্গীরচর থানা, হাজারীবাগ, ডেমরা ও আদাবর থানার অন্তর্গত | দলিলে উল্লিখিত ভূমির মূল্যের ৫% বা শতক প্রতি ৩,৫০,০০০ টাকা যাহা অধিক। | দলিলে উল্লিখিত ভূমির মূল্যের ৫% বা শতক প্রতি ১,৫০,০০০ টাকা যাহা অধিক। | দলিলে উল্লিখিত ভূমির মূল্যের ৫% বা শতক প্রতি ৩,৫০,০০০ টাকা যাহা অধিক। | দলিলে উল্লিখিত ভূমির মূল্যের ৫% বা শতক প্রতি ১,৫০,০০০ টাকা যাহা অধিক। | দলিলে উল্লিখিত ভূমির মূল্যের ৫% বা শতক প্রতি ১,৫০,০০০ টাকা যাহা অধিক। | দলিলে উল্লিখিত ভূমির মূল্যের ৫% বা শতক প্রতি ৭৫,০০০ টাকা যাহা অধিক। |

| | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|
| | সকল মৌজা; এবং নারায়ণগঞ্জ জেলার সদর থানার অন্তর্গত সকল মৌজা | | | | | | |
| ৫। | চট্টগ্রাম জেলার খুলশী, পাঁচলাইশ, পাহাড়তলী, হালিশহর ও কোতোয়ালী থানার অন্তর্গত সকল মৌজা; নারায়ণগঞ্জ জেলার সোনারগাঁও, ফতুল্লা, সিদ্ধিরগঞ্জ, বন্দর থানার অন্তর্গত সকল মৌজা এবং গাজীপুর জেলার সদর, বাসন, কোনাবাড়ী, গাছা, টঙ্গী পূর্ব ও টঙ্গী পশ্চিম থানার অন্তর্গত সকল মৌজা | দলিলে উল্লিখিত ভূমির মূল্যের ৩% বা শতক প্রতি ১,৭৫,০০০ টাকা যাহা অধিক। | দলিলে উল্লিখিত ভূমির মূল্যের ৩% বা শতক প্রতি ৭০,০০০ টাকা যাহা অধিক। | দলিলে উল্লিখিত ভূমির মূল্যের ৩% বা শতক প্রতি ১,৭৫,০০০ টাকা যাহা অধিক। | দলিলে উল্লিখিত ভূমির মূল্যের ৩% বা শতক প্রতি ৭০,০০০ টাকা যাহা অধিক। | দলিলে উল্লিখিত ভূমির মূল্যের ৩% বা শতক প্রতি ৭০,০০০ টাকা যাহা অধিক। | দলিলে উল্লিখিত ভূমির মূল্যের ৩% বা শতক প্রতি ৩৫,০০০ টাকা যাহা অধিক। |
| ৬। | ঢাকা জেলার দোহার, নবাবগঞ্জ, কেরাণীগঞ্জ, সাভার ও ধামরাই থানার অন্তর্গত সকল মৌজা; চট্টগ্রাম জেলার আকবর শাহ, ইপিজেড, কর্ণফুলী, চকবাজার, চান্দগাঁও, ডবলমুরিং, পতেঙ্গা, পাঁচলাইশ, বন্দর, বাকলিয়া, বায়েজিদ বোস্তামি ও সদরঘাট থানার অন্তর্গত সকল মৌজা; গাজীপুর জেলার জয়দেবপুর থানা ও কালীগঞ্জ থানার অন্তর্গত সকল মৌজা; এবং নারায়ণগঞ্জ জেলার রূপগঞ্জ ও আড়াইহাজার থানার অন্তর্গত সকল মৌজা | দলিলে উল্লিখিত ভূমির মূল্যের ৩% বা শতক প্রতি ১,২৫,০০০ টাকা যাহা অধিক। | দলিলে উল্লিখিত ভূমির মূল্যের ৩% বা শতক প্রতি ৬০,০০০ টাকা যাহা অধিক। | দলিলে উল্লিখিত ভূমির মূল্যের ৩% বা শতক প্রতি ১,২৫,০০০ টাকা যাহা অধিক। | দলিলে উল্লিখিত ভূমির মূল্যের ৩% বা শতক প্রতি ৬০,০০০ টাকা যাহা অধিক। | দলিলে উল্লিখিত ভূমির মূল্যের ৩% বা শতক প্রতি ৬০,০০০ টাকা যাহা অধিক। | দলিলে উল্লিখিত ভূমির মূল্যের ৩% বা শতক প্রতি ৩০,০০০ টাকা যাহা অধিক। |
| ৭। | ক্রমিক নং ১ হইতে ৬ এর অন্তর্গত নয় কিন্তু ঢাকা দক্ষিণ, ঢাকা উত্তর, চট্টগ্রাম, নারায়ণগঞ্জ ও গাজীপুর সিটি করপোরেশন ব্যতীত অন্যান্য সিটি করপোরেশন ও অন্য কোন উন্নয়ন কর্তৃপক্ষ এবং জেলা সদরে অবস্থিত সকল পৌরসভার অন্তর্গত সকল মৌজা | দলিলে উল্লিখিত ভূমির মূল্যের ৩% বা শতক প্রতি ১,০০,০০০ টাকা যাহা অধিক। | দলিলে উল্লিখিত ভূমির মূল্যের ৩% বা শতক প্রতি ৫০,০০০ টাকা যাহা অধিক। | দলিলে উল্লিখিত ভূমির মূল্যের ৩% বা শতক প্রতি ১,০০,০০০ টাকা যাহা অধিক। | দলিলে উল্লিখিত ভূমির মূল্যের ৩% বা শতক প্রতি ৫০,০০০ টাকা যাহা অধিক। | দলিলে উল্লিখিত ভূমির মূল্যের ৩% বা শতক প্রতি ৫০,০০০ টাকা যাহা অধিক। | দলিলে উল্লিখিত ভূমির মূল্যের ৩% বা শতক প্রতি ২৫,০০০ টাকা যাহা অধিক। |

**সারণি-২**

| **ক্রমিক** | **মৌজা** | **করহার** |
|---|---|---|
| (১) | (২) | (৩) |
| ১। | সারণি-১ এর অন্তর্গত নহে এইরূপ অন্য যেকোন পৌরসভার অন্তর্গত সকল মৌজা | দলিলে উল্লিখিত ভূমির মূল্যের ২% বা শতক প্রতি ১০,০০০ টাকা যাহা অধিক। |
| ২। | সারণি-২ এর ক্রমিক নং ১ এবং সারণি-১ এর অন্তর্গত নহে এইরূপ সকল উপজেলার (পৌরসভা ব্যতীত) অন্তর্গত সকল মৌজা | দলিলে উল্লিখিত ভূমির মূল্যের ২% বা শতক প্রতি ৫০০ টাকা যাহা অধিক। |

(২) উপ-বিধি (১) এর অধীনে নিবন্ধিত ভূমিতে কোন স্থাপনা, বাড়ি, ফ্ল্যাট, অ্যাপার্টমেন্ট অথবা ফ্লোর স্পেস থাকিলে নিম্নের সারণিতে উল্লিখিত হারে অতিরিক্ত কর প্রযোজ্য হইবে, যথা:-

**সারণি**

| ক্রমিক | বর্ণনা | করহার |
|---|---|---|
| (১) | (২) | (৩) |
| ১। | শ্রেণি-ক হইতে শ্রেণি-ঘ এ উল্লিখিত ভূমিতে অবস্থিত স্থাপনা, বাড়ি, ফ্ল্যাট, অ্যাপার্টমেন্ট অথবা ফ্লোর স্পেস এর ক্ষেত্রে | প্রতি বর্গমিটারে ৮০০ টাকা হারে অথবা উক্ত স্থাপনা, বাড়ি, ফ্ল্যাট, অ্যাপার্টমেন্ট অথবা ফ্লোর স্পেস এর দলিলে উল্লিখিত মূল্যের ৮%, এর মধ্যে যাহা অধিক; |
| ২। | শ্রেণি-ঙ-তে উল্লিখিত ভূমিতে অবস্থিত স্থাপনা, বাড়ি, ফ্ল্যাট, অ্যাপার্টমেন্ট অথবা ফ্লোর স্পেস এর ক্ষেত্রে এবং সারণি-২ এর ক্রমিক নং ১ এ উল্লিখিত মৌজার ভূমিতে অবস্থিত স্থাপনা, বাড়ি, ফ্ল্যাট, অ্যাপার্টমেন্ট অথবা ফ্লোর স্পেস এর ক্ষেত্রে | প্রতি বর্গমিটারে ৫০০ টাকা হারে অথবা উক্ত স্থাপনা, বাড়ি, ফ্ল্যাট, অ্যাপার্টমেন্ট অথবা ফ্লোর স্পেস এর দলিলে উল্লিখিত মূল্যের ৬%, এর মধ্যে যাহা অধিক; |
| ৩। | অন্যান্য ক্ষেত্রে | প্রতি বর্গমিটারে ৩০০ টাকা হারে অথবা উক্ত স্থাপনা, বাড়ি, ফ্ল্যাট, অ্যাপার্টমেন্ট অথবা ফ্লোর স্পেস এর দলিলে উল্লিখিত মূল্যের ৬%, এর মধ্যে যাহা অধিক। |

(৩) প্রতিটি দলিলের মন্তব্য কলামে ভূমি বা স্থাপনা, বাড়ি, ফ্ল্যাট, অ্যাপার্টমেন্ট অথবা ফ্লোর স্পেসের প্রকৃতি আবাসিক, বাণিজ্যিক নাকি শিল্প এ বিষয়ে সুস্পষ্ট বর্ণনার অনুপস্থিতিতে এই বিধির অধীন সঠিকভাবে কর সংগ্রহ হয় নাই মর্মে গণ্য হইবে।

(৪) সরকার বা সংবিধিবদ্ধ সরকারি কোন কর্তৃপক্ষ কর্তৃক কোন ভূমি বা স্থাপনা, বাড়ি, ফ্ল্যাট, অ্যাপার্টমেন্ট অথবা ফ্লোর স্পেস হস্তান্তরের দলিল নিবন্ধনের ক্ষেত্রে এই বিধির অধীন কর কর্তন প্রযোজ্য হইবে।

(৫) নিম্নবর্ণিত ক্ষেত্রসমূহে এই বিধির অধীন কর সংগ্রহ প্রযোজ্য হইবে না, যথা:-

(ক) কোন ভূমি বা স্থাপনা, বাড়ি, ফ্ল্যাট, অ্যাপার্টমেন্ট অথবা ফ্লোর স্পেস বন্ধক রাখা হইলে উক্ত বন্ধকী দলিল নিবন্ধন;

(খ) জাতিসংঘ বা ইহার অঙ্গসংস্থা অথবা কোন বিদেশি দূতাবাস বা মিশন কর্তৃক কোন ভূমি বা স্থাপনা, বাড়ি, ফ্ল্যাট, অ্যাপার্টমেন্ট অথবা ফ্লোর স্পেস হস্তান্তরের দলিল নিবন্ধন;

(গ) স্বত্বের বিলোপ হয় না এইরূপ না-দাবি দলিল নিবন্ধন;

(ঘ) বন্টননামা দলিল নিবন্ধন;

(ঙ) ওয়াক্ফ বা দেবোত্তর দান দলিল নিবন্ধন;

(চ) পণ বা পণের বিকল্প কোন সুবিধাবিহীন দলিল, যেমন: দান, উইল, অছিয়ত বা এওয়াজ অথবা বিনিময় দলিল নিবন্ধন।

(৬) সিটি কর্পোরেশন, পৌরসভা ও ক্যান্টনমেন্ট বোর্ড এলাকায় [১০ লক্ষাধিক টাকার] ভূমি, স্থাপনা, বাড়ি, ফ্ল্যাট, অ্যাপার্টমেন্ট অথবা ফ্লোর স্পেস বিক্রয় বা হস্তান্তর বা বায়নানামা বা আমমোক্তারনামা নিবন্ধনকালে দাতা ও গ্রহীতার রিটার্ন দাখিলের প্রমাণ (Proof of Submission of Return or PSR) উপস্থাপন ব্যতীত উক্তরূপ নিবন্ধন সম্পন্ন করা যাইবে না।

(৭) এই বিধির অধীন দাখিলকৃত প্রতিটি পে-অর্ডার নিম্নবর্ণিত সারণি মোতাবেক পৃথক পৃথক এ-চালানের মাধ্যমে সরকারি কোষাগারে জমা করিতে হইবে, যথা:-

| ক্রমিক | পে-অর্ডার সংগ্রহের সময় | এ-চালানের মাধ্যমে জমার সময় |
|---|---|---|
| (১) | (২) | (৩) |
| ১। | অর্থ বৎসরের জুলাই মাসের প্রথম সপ্তাহ হইতে জুন মাসের তৃতীয় সপ্তাহ পর্যন্ত | যে সপ্তাহে সংগৃহীত হইয়াছে উহার পরবর্তী সপ্তাহের প্রথম কর্মদিবসের মধ্যে। |
| ২। | অর্থ বৎসরের জুন মাসের শেষ সপ্তাহে | যে দিন সংগৃহীত হইয়াছে উহার পরবর্তী কর্মদিবসের মধ্যে। |
| ৩। | অর্থ বৎসরের জুন মাসের শেষ কর্মদিবস | অর্থ বৎসরের জুন মাসের শেষ কর্মদিবসের মধ্যে |

(৮) এই বিধির উদ্দেশ্যপূরণকল্পে,-

(ক) “ক-শ্রেণি” বলিতে রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষ, চট্টগ্রাম উন্নয়ন কর্তৃপক্ষ, গাজীপুর উন্নয়ন কর্তৃপক্ষ, জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ,গণপূর্ত অধিদপ্তর এবং ক্যান্টনমেন্ট বোর্ড এর নিয়ন্ত্রণাধীন এলাকার বাণিজ্যিক প্লটকে বুঝাইবে;

(খ) “খ-শ্রেণি” বলিতে রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষ, চট্টগ্রাম উন্নয়ন কর্তৃপক্ষ, গাজীপুর উন্নয়ন কর্তৃপক্ষ, জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ, গণপূর্ত অধিদপ্তর এবং ক্যান্টনমেন্ট বোর্ড এর নিয়ন্ত্রণাধীন এলাকার আবাসিক প্লটকে বুঝাইবে;

(গ) “গ-শ্রেণি” বলিতে রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষ, চট্টগ্রাম উন্নয়ন কর্তৃপক্ষ, গাজীপুর উন্নয়ন কর্তৃপক্ষ, জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ, গণপূর্ত অধিদপ্তর এবং ক্যান্টনমেন্ট বোর্ড এর নিয়ন্ত্রণাধীন নহে কিন্তু ডেভেলপার বা রিয়েল এস্টেট ডেভেলপার কর্তৃক প্রতিষ্ঠিত এলাকার বাণিজ্যিক প্লটকে বুঝাইবে;

(ঘ) "ঘ-শ্রেণি" বলিতে রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষ, চট্টগ্রাম উন্নয়ন কর্তৃপক্ষ, গাজীপুর উন্নয়ন কর্তৃপক্ষ, জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ, গণপূর্ত অধিদপ্তর এবং ক্যান্টনমেন্ট বোর্ড এর নিয়ন্ত্রণাধীন নহে কিন্তু ডেভেলপার বা রিয়েল এস্টেট ডেভেলপার কর্তৃক প্রতিষ্ঠিত এলাকার আবাসিক প্লটকে বুঝাইবে;

(ঙ) "ঙ-শ্রেণি" অর্থে সকল শিল্প প্লটকে বুঝাইবে

(চ) "চ-শ্রেণি" বলিতে "ক-শ্রেণি", "খ-শ্রেণি", "গ-শ্রেণি", "ঘ-শ্রেণি", "ঙ-শ্রেণি" ব্যতীত অন্যান্য এলাকা বুঝাইবে;

**বিধি-৭: রিয়েল এস্টেট বা ভূমি উন্নয়নকারীর নিকট হইতে কর সংগ্রহ।—**

(১) ধারা ১২৬ এর অধীন উৎসে কর সংগ্রহের ক্ষেত্রে Registration Act, 1908 এর বিধান মোতাবেক দলিল দস্তাবেজ নিবন্ধনের জন্য দায়িত্বপ্রাপ্ত কোন ব্যক্তি কোন ডেভেলপার বা রিয়াল এস্টেট ডেভেলপার কর্তৃক নির্মিত ভবন বা অ্যাপার্টমেন্ট হস্তান্তরের দলিল দস্তাবেজ নিবন্ধন করিবেন না, যদি না ডেভেলপার কর্তৃক এস্টেট ডেভেলপার নিম্নবর্ণিত সারণিতে নির্ধারিত হারে কর পরিশোধের প্রমাণ হিসাবে পে-অর্ডারের কপি নিবন্ধনের আবেদনের সহিত সংযুক্ত করেন, যথা:

**সারণি**

| ক্রমিক নং | মৌজা | আবাসিক ভবন বা অ্যাপার্টমেন্টের ক্ষেত্রে প্রযোজ্য করহার (প্রতি বর্গমিটারে) | বাণিজ্যিক ভবন বা অ্যাপার্টমেন্টের ক্ষেত্রে প্রযোজ্য করহার (প্রতি বর্গমিটারে) |
|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) |
| ১। | ঢাকা জেলার গুলশান, বনানী, মতিঝিল ও তেজগাঁও থানার অন্তর্গত সকল মৌজা | ১,৬০০/- | ৬,৫০০/- |
| ২। | ঢাকা জেলার ধানমন্ডি, ওয়ারী, তেজগাঁও শিল্পাঞ্চল থানা, শাহবাগ, রমনা, পল্টন, বংশাল, নিউমার্কেট ও কলাবাগান থানার অন্তর্গত সকল মৌজা | ১,৫০০/- | ৫,০০০/- |
| ৩। | ঢাকা জেলার খিলক্ষেত, কাফরুল, মোহাম্মদপুর, সূত্রাপুর, যাত্রাবাড়ী, উত্তরা মডেল থানা, ক্যান্টনমেন্ট থানা, চকবাজার থানা, কোতোয়ালি থানা, লালবাগ থানা, খিলগাঁও, শ্যামপুর, গেন্ডারিয়া থানার অন্তর্গত সকল মৌজা | ১,৪০০/- | ৪,০০০/- |
| ৪। | ঢাকা জেলার বিমানবন্দর, উত্তরা পশ্চিম, মুগদা, রূপনগর, ভাষানটেক, বাড্ডা থানা, পল্লবী থানা, ভাটারা, শাহজাহানপুর, মিরপুর মডেল থানা, দারুস সালাম থানা, শাহ আলী থানা, দক্ষিণখান থানা, উত্তরখান থানা, সবুজবাগ থানা, কদমতলী থানা, চকবাজার থানা, কামরাঙ্গীরচর থানা, কোতোয়াতী থানা, লালবাগ থানা, হাজারীবাগ, ডেমরা ও আদাবর থানার অন্তর্গত সকলমৌজা; চট্টগ্রাম জেলার খুলশী, পাঁচলাইশ, পাহাড়তলী, হালিশহর ও কোওতোয়ালী থানার অন্তর্গত সকল মৌজা, গাজীপুর জেলার সদর, বাসন, কোনাবাড়ী, গাছা, টঙ্গীপূর্ব, টঙ্গী পশ্চিম থানার, জয়দেবপুর ও কালীগঞ্জ থানার অন্তর্গত সকল মৌজা এবং নারায়ণগঞ্জ জেলার সদর, ফতুল্লা, সিদ্ধিরগঞ্জ, বন্দর, রূপগঞ্জ ও সোনারগাঁও থানার অন্তর্গত সকল মৌজা | ১,৩০০/- | ৩,৫০০/- |
| ৫। | ঢাকা জেলার দোহার, নবাবগঞ্জ, কেরাণীগঞ্জ, সাভার ও ধামরাই উপজেলার অন্তর্গত সকল মৌজা; চট্টগ্রাম জেলার আকবর শাহ, ইপিজেড, কর্ণফুলী, চকবাজার, চান্দগাঁও, ডবলমুরিং, পতেঙ্গা, পাঁচলাইশ, বন্দর, বাকলিয়া, বায়েজিদ বোস্তামি ও সদরঘাট থানার অন্তর্গত সকলমৌজা; নারায়ণগঞ্জ জেলার আড়াইহাজার থানার অন্তর্গতসকল মৌজা এবং ঢাকা দক্ষিণ, ঢাকা উত্তর, চট্টগ্রাম, নারায়ণগঞ্জ ও গাজীপুর সিটি কর্পোরেশন ব্যতীত অন্যান্য সিটি কর্পোরেশন এ অবস্থিত সকল মৌজা | ৭০০/- | ২,০০০/- |
| ৬। | ক্রমিক নং ১, ২, ৩, ৪ ও ৫ এ উল্লিখিত নহে এইরূপ সকল এলাকা | ৩০০/- | ১,০০০/- |

(২) ধারা ১২৬ এর অধীন উৎসে কর সংগ্রহের ক্ষেত্রে Registration Act, 1908 এর বিধান মোতাবেক দলিল দস্তাবেজ নিবন্ধনের জন্য দায়িত্বপ্রাপ্ত কোন ব্যক্তি কোনো ডেভেলপার বা রিয়েল এস্টেট ডেভেলপার কর্তৃক নির্মিত ভবন বা অ্যাপার্টমেন্ট সংশ্লিষ্ট কোনো ভূমি, বা ডেভেলপার বা রিয়েল এস্টেট ডেভেলপার কর্তৃক উন্নয়নকৃত কোনো ভূমি হস্তান্তরের দলিল দস্তাবেজ নিবন্ধন করিবেন না, যদি না ডেভেলপার বা রিয়েল এস্টেট ডেভেলপার নিম্নবর্ণিত সারণিতে নির্ধারিত হারে কর পরিশোধের প্রমাণ হিসাবে পে-অর্ডারের কপি নিবন্ধনের আবেদনের সহিত সংযুক্ত করেন, যথা:-

**সারণি**

| ক্রমিক | এলাকার নাম | করহার |
|---|---|---|
| **(১)** | **(২)** | **(৩)** |
| ১। | ঢাকা, গাজীপুর, নারায়ণগঞ্জ, মুন্সীগঞ্জ, মানিকগঞ্জ, নরসিংদী এবং চট্টগ্রাম জেলা | দলিলে উল্লিখিত ভূমির মূল্যের ৫% |
| ২। | অন্য যেকোন জেলা | দলিলে উল্লিখিত ভূমির মূল্যের ৩% |

(৩) সরকার বা সংবিধিবদ্ধ সরকারি কোন কর্তৃপক্ষ কর্তৃক কোন ভূমি বা স্থাপনা, বাড়ি, ফ্ল্যাট, অ্যাপার্টমেন্ট অথবা ফ্লোর স্পেসে উন্নয়ন এবং হস্তান্তরের দলিল নিবন্ধনের ক্ষেত্রে এই বিধির অধীন কর কর্তন প্রযোজ্য হইবে।

(৪) সিটি কর্পোরেশন, পৌরসভা ও ক্যান্টনমেন্ট বোর্ড এলাকায় ভূমি, স্থাপনা, বাড়ি, ফ্ল্যাট, অ্যাপার্টমেন্ট অথবা ফ্লোর স্পেস বিক্রয় বা হস্তান্তর বা বায়নানামা বা আমমোক্তারনামা নিবন্ধনকালে দাতা ও গ্রহীতার রিটার্ন দাখিলের প্রমাণ (Proof of Submission of Return or PSR) উপস্থাপন ব্যতীত উক্তরূপ নিবন্ধন সম্পন্ন করা যাইবে না।

(৫) এই বিধির অধীন উৎসে কর সংগ্রহকালে বিধি ৬ এর উপ-বিধি (১) অনুযায়ী প্রযোজ্য উৎসে কর সংগ্রহ করিতে হইবে:

তবে শর্ত থাকে যে, বিধি ৬ এর উপ-বিধি (২) অনুযায়ী উৎসে কর সংগ্রহ করা যাইবে না।

(৬) এই বিধির অধীন দাখিলকৃত প্রতিটি পে-অর্ডার নিম্নবর্ণিত সারণি মোতাবেক পৃথক পৃথক এ-চালানের মাধ্যমে সরকারি কোষাগারে জমা করিতে হইবে, যথা-

**সারণি**

| ক্রমিক | পে-অর্ডার সংগ্রহের সময় | এ-চালানের মাধ্যমে জমার সময় |
|---|---|---|
| **(১)** | **(২)** | **(৩)** |
| ১। | অর্থ বৎসরের জুলাই মাসের প্রথম সপ্তাহ হইতে জুন মাসের তৃতীয় সপ্তাহ পর্যন্ত | যে সপ্তাহে সংগৃহীত হইয়াছে উহার পরবর্তী সপ্তাহের প্রথম কর্মদিবসের মধ্যে; |
| ২। | অর্থ বৎসরের জুন মাসের শেষ সপ্তাহ | যেদিন সংগৃহীত হইয়াছে উহার পরবর্তী কর্মদিবসের মধ্যে; |
| ৩। | অর্থ বৎসরের জুন মাসের শেষ কর্মদিবস | অর্থবৎসরের জুন মাসের শেষ কর্মদিবসের মধ্যে। |

**বিধি-৮: আমদানিকারকদের নিকট হতে কর সংগ্রহ।—**

(১) আইনের ধারা ১২০ মোতাবেক কর সংগ্রহের নিমিত্ত কাস্টমস কমিশনার অথবা অন্য কোন যথোপযুক্ত কর্মকর্তা যেকোন পণ্য আমদানির ক্ষেত্রে নিম্নবর্ণিত হার অনুযায়ী কর সংগ্রহ করিবেন:

(ক) দফা (গ), দফা (ঘ), দফা (ঙ), দফা (চ), দফা (ছ), দফা (ঝ) এ বর্ণিত পণ্য ব্যতীত অন্যান্য আমদানিকৃত পণ্যের মূল্যের উপর ৫% হারে;

(খ) বিলুপ্ত

(গ) নিম্নবর্ণিত সারণি-২ এ উল্লিখিত পণ্য আমদানির ক্ষেত্রে আমদানিকৃত পণ্যের মূল্যের উপরে ২% হারে:- (সারণি সংযুক্ত নয়)

(ঘ) নিম্নবর্ণিত সারণি-৩ এ উল্লিখিত পণ্য আমদানির ক্ষেত্রে আমদানিকৃত পণ্যের প্রতি টনের উপর ৬ টাকা হারে-

(ঙ) নিম্নবর্ণিত সারণি-৪ এ উল্লিখিত পণ্য আমদানির ক্ষেত্রে আমদানিকৃত পণ্য মূল্যের উপর ০% হারে -

(চ) নিম্নবর্ণিত সারণি-৫ এ উল্লিখিত ভুটান থেকে পণ্য আমদানির ক্ষেত্রে আমদানিকৃত পণ্য মূল্যের উপর ০% হারে:-

(ছ) নিম্নবর্ণিত সারণি-৬ এ উল্লিখিত পণ্য আমদানির ক্ষেত্রে ইন্ডাস্ট্রিয়াল আইআরসিধারী মূসক নিবন্ধিত উৎপাদক কর্তৃক আমদানিকৃত পণ্য মূল্যের উপর ৩% হারে:-

(জ) বিলুপ্ত

(ঝ) নিম্নবার্ণিত সারণি-৭ এ উল্লিখিত পণ্য আমদানির ক্ষেত্রে আমাদিনকৃত পণ্য মূল্যের উপর ২০% হারে:-

(২) যেই ক্ষেত্রে এই বিধির অধীন উৎসে করের প্রযোজ্যতা রহিয়াছে, এইরূপ আমদানিকারক অথবা আমদানি হইতে আয়, কোন আয়বর্ষে করমুক্ত হয় বা হ্রাসকৃত হারে করারোপযোগ্য হয়, সেই ক্ষেত্রে উক্ত আমদানিকারকের আবেদনের ভিত্তিতে বোর্ড, সংশ্লিষ্ট আয়বর্ষের জন্য কোন কর কর্তন ছাড়াই বা হ্রাসকৃত হারে উৎসে কর কর্তনের জন্য, যেইরূপ উপযুক্ত প্রতীয়মান হয়, সেইরূপে লিখিতভাবে সনদপত্র দিতে পারিবে।

(৩) এই বিধির উদ্দেশ্য পূরণকল্পে, “আমদানিকৃত পণ্যের মূল্য” বলিতে বুঝাইবে কাস্টমস আইন, ২০২৩ এর ধারা ২৭ অনুযায়ী নির্ধারিত আমদানি পণ্যের মূল্য।